2

দৈনিক ইত্তেফাক

তারিখ ..২৯ MAY 1990
পৃষ্ঠা... ২ ... কলাম ৭ ...

## উচ্চ মাধ্যমিক পরীক্ষার সময়সূচী

গার্হস্থ্য অর্থনীতি বহুদিন হইতেই একটি আলাদা শাখা হিসাবে ঢাকা বোর্ড গণ্য করিয়া আসিতেছে। কিন্তু এখন ইহাকে বিজ্ঞান শাখার সাথে একীভূত করা হইয়াছে। ফলে এই শাখায় যে সকল মেয়ে আগ্রহ লইয়া পড়াশুনা করিতেছে তাহাদের আশা-আকাঙ্ক্ষাকে নূতন ব্যবস্থার দ্বারা খর্ব করা হইয়াছে। কারণ মেধা তালিকায় তাহাদিগকে আলাদাভাবে দেখানো হইবে না।

আর একটি বিষয় বিশেষভাবে লক্ষণীয় যে, গার্হস্থ্য অর্থনীতি শাখাকে বিজ্ঞান শাখার সহিত একীভূত করা হইয়াছে বটে, কিন্তু পরীক্ষার সময়সূচী প্রস্তুতের সময় তাহাদের সুবিধা বা অসুবিধার দিকে মোটেই লক্ষ্য রাখা হয় নাই। ফলে একই দিনে তাহাদের দুইটি বিষয়ে পরীক্ষা দিতে হইবে।

উদাহরণ হিসাবে বলা যায় যে, ২৬-৬-৯০ ইং তারিখ এবং ২৭-৬-৯০ ইং তারিখ এই উভয় দিনেই তাহাদের দুইটি করিয়া বিষয়ে পরীক্ষা দিতে হইবে। পরীক্ষার ফরম যাচাই করিলে প্রমাণিত হইবে যে, গার্হস্থ্য অর্থনীতির অনেক মেয়ে অর্থনীতিকে ৪র্থ বিষয় হিসাবে নিয়াছে। তাহাছাড়া, একই দিনে দুইটি বিষয়ে কিভাবে ছাত্রীরা পরীক্ষা দিবে তাহা আমাদের বোধগম্য হইতেছে না।

এমতাবস্থায় পরীক্ষার সময়সূচীতে পরিবর্তন আনার জন্য সনির্বন্ধ অনুরোধ জানানো যাইতেছে।

— এ, বি, এম, রফিকুল হক, ২২নং কে, এম, দাস লেন, ঢাকা-১২০৩।